গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ(বিআরটিএ)
সদর কার্যালয়, বিআরটিএ ভবন, নতুন বিমান বন্দর সড়ক
বনানী, ঢাকা-১২১২।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মশতবার্ষিকী যথাযোগ্য মর্যাদায় উদযাপনের লক্ষ্যে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ কর্তৃক বিআরটিএ'র জন্য প্রণীত কর্মপরিকল্পনার বাস্তবায়ন ও বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।

সভাপতি	:	ড. মোঃ কামরুল আহসান চেয়ারম্যান, বিআরটিএ।
তারিখ ও সময়	:	০২ ডিসেম্বর, ২০১৯ খ্রিঃ, সকাল : ১০.০০ ঘটিকা।
স্থান	:	চেয়ারম্যান, বিআরটিএ'র সম্মেলন কক্ষ।
উপস্থিত	:	পরিশিষ্ট 'ক'।

সভার প্রারম্ভে সভাপতি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন। অতঃপর উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর জন্মশত বার্ষিকী যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের লক্ষ্যে কর্মসূচী প্রণয়ন এবং উহা বাস্তবায়নে করণীয় কি সে বিষয়ে সকলের মতামত উপস্থাপনের অনুরোধ জানান। এ বিষয়ে উপপরিচালক(প্রশাসন), জনাব শাহ্ আবদুল তারিক সভাকে অবহিত করেন যে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগে অদ্য দুপুরে এ সংক্রান্ত সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় কর্মপরিকল্পনা চূড়ান্তভাবে প্রণয়ন করা হবে। সভাপতি অভিমত ব্যক্ত করেন যে, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ কর্তৃক যে কর্মপরিকল্পনা প্রণয়ন করা হবে তার আলোকে বিআরটিএ'র কর্মপরিকল্পনা গ্রহণ করতে হবে এবং এ সভার কার্যবিবরণীতে উক্ত কর্মপরিকল্পনা অন্তর্ভূক্ত করে কার্যবিবরণী তৈরী করতে হবে। পরবর্তীতে উক্ত সভার কার্যবিবরণীর কপি পাওয়া যায়। উক্ত কার্যবিবরণীতে উল্লেখিত কর্মসূচী ও উহার বাস্তবায়নের বিষয়ে গৃহীত সিদ্ধান্তের আলোকে বিআরটিএ'র কর্মসূচী ও উহার বাস্তবায়ন বিষয়ে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

ক্রমিক নং	গৃহীত কার্যক্রম/কর্মসূচীর বিবরণ	কর্মসূচী বাস্তবায়নের তারিখ ও স্থান	বিস্তারিত কার্যক্রম/সিদ্ধান্ত	বাস্তবায়ন/মনিটরিং কর্মকর্তা
০১.	ধানমন্ডি ৩২ নম্বরে বঙ্গবন্ধুর স্মৃতি যাদুঘরে ১৭ মার্চ,২০২০খ্রিঃ তারিখে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ এবং বিআরটিএ'র সদর কার্যালয়সহ নিজস্ব বিভাগীয় ও সার্কেল অফিস আলোকসজ্জা ও দোয়া মাহফিলের আয়োজন।	১৭/০৩/২০২০খ্রিঃ তারিখ ধানমন্ডি ৩২ নম্বর	(ক) বিআরটিএ'র সদর কার্যালয় ঢাকা মেট্রো-১,২ ও ৩ সার্কেলের ও ঢাকা জেলা সার্কেলের সকলস্তরের কর্মচারীগণ নিজস্ব ব্যানারসহ সচিবালয় গেটে সকাল ০৬:৩০টায় উপস্থিত হবেন এবং সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বর্ণাঢ্য শোভাযাত্রায় অংশগ্রহণ করতে হবে।	পরিচালক(প্রশাসন), উপপরিচালক(প্রশাসন), উপপরিচালক (এনফোর্সমেন্ট) এবং সহকারী পরিচালক (প্রশাসন)।
			(খ) বিআরটিএ'র সদর কার্যালয় এবং নিজস্ব বিভাগীয় ও সার্কেল অফিসে ২ দিনব্যাপী (১৬.০৩.২০২০খ্রিঃ ও ১৭.০৩.২০২০খ্রিঃ তারিখ) আলোকসজ্জা করতে হবে।	পরিচালক(প্রশাসন), উপপরিচালক(প্রশাসন), উপপরিচালক (এনফোর্সমেন্ট) এবং সহকারী পরিচালক (প্রশাসন)।
			(গ) বিআরটিএ'র ঢাকা মেট্রো-১ সার্কেলের মসজিদে ১৭.০৩.২০২০খ্রিঃ তারিখে বাদ আছর দোয়া মাহফিলের আয়োজন করতে হবে।	উপপরিচালক(ইঞ্জিঃ), বিভাগীয় অফিস, ঢাকা উপপরিচালক (এনফোর্সমেন্ট) সহকারী পরিচালক(প্রশাসন)।
০২.	১৭ মার্চ ২০২০খ্রিঃ বা সন্নিহিত কোনো তারিখে বিআরটিএ'র প্রতিনিধিদের টুঙ্গিপাড়ায় বঙ্গবন্ধুর মাজার জিয়ারত।	২১.০৩.২০২০খ্রিঃ তারিখে টুঙ্গিপাড়ায় বঙ্গবন্ধুর মাজার জিয়ারত।	বিআরটিএ'র ১০(দশ)জন প্রতিনিধি টুঙ্গিপাড়ায় বঙ্গবন্ধুর মাজার জিয়ারতে অংশগ্রহণ করবেন। চেয়ারম্যান বিআরটিএ ১০(দশ) জনের নাম নির্ধারণ করবেন। পরিচালক (প্রশাসন) টুঙ্গিপাড়া গমনের বিষয়ে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সাথে সমন্বয় করবেন।	চেয়ারম্যান, বিআরটিএ, পরিচালক(প্রশাসন), উপপরিচালক (এনফোর্সমেন্ট) সহকারী পরিচালক(প্রশাসন)।
০৩.	জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জীবন ও কর্মের উপর আলোচনা সভা/সেমিনার আয়োজন।	বিআরটিএ কর্তৃক ১৭.০৮.২০২০খ্রিঃ তারিখে আলোচনা সভার আয়োজন।	সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ কর্তৃক বিআরটিএ'র জন্য নির্ধারিত তারিখ ১৭.০৮.২০২০খ্রিঃ তারিখে বঙ্গবন্ধুর জীবন ও কর্মের উপর আলোচনা সভার আয়োজন করবে। আলোচনা সভার জন্য দাওয়াত কার্ড তৈরী করতে হবে। দাওয়াত কার্ডের মাধ্যমে আমন্ত্রণ জানাতে হবে।	পরিচালক(প্রশাসন), উপপরিচালক (প্রশাসন), উপপরিচালক (এনফোর্সমেন্ট), সহকারী পরিচালক(প্রশাসন)।

ক্রমিক নং	গৃহীত কার্যক্রম/কর্মসূচীর বিবরণ	কর্মসূচী বাস্তবায়নের তারিখ ও স্থান	বিস্তারিত কার্যক্রম/সিদ্ধান্ত	বাস্তবায়ন/মনিটরিং কর্মকর্তা
০৪.	কেন্দ্রীয় রক্তদান কর্মসূচী পালন।	১৮.০৪.২০২০খ্রিঃ তারিখে সড়ক ও জনপদ অধিদপ্তর প্রশিক্ষণ কেন্দ্র, মিরপুর, ঢাকা	সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এবং এর আওতাধীন দপ্তর/সংস্থার উদ্যোগে কেন্দ্রীয় রক্তদান কর্মসূচীতে অংশগ্রহণের জন্য আগ্রহী বিআরটিএ'র কর্মকর্তা/কর্মচারীদের নামের তালিকা সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগে ১০.০৪.২০২০খ্রিঃ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে।	পরিচালক(ইঞ্জিনিয়ারিং), উপপরিচালক(ইঞ্জিনিয়ারিং)
০৫.	বিআরটিএ কর্তৃক দাপ্তরিক কাজে বঙ্গবন্ধুর স্মৃতি সংবলিত বিশেষ খাম ব্যবহার।	১৭.০৩.২০২০খ্রিঃ তারিখ হতে বছর ব্যাপি।	ক) সড়ক ও মহাসড়ক বিভাগ হতে প্রাপ্ত খাম ব্যবহার করা হবে। প্রয়োজনে বিআরটিএ নিজ উদ্দোগে অনুরুপ খাম তৈরী করবে। খ) ০১.০১.২০২০খ্রিঃ হতে বিআরটিএ ও এর আওতাধীন সকল কার্যালয় হতে ইস্যুকৃত সকল দাপ্তরিক পত্রের উপরে ডানপাশে মুজিববর্ষ(২০২০) উল্লেখ করতে হবে।	পরিচালক(প্রশাসন), পরিচালক (রোড সেফটি) উপপরিচালক(প্রশাসন), সহকারী পরিচালক(প্রশাসন)।
০৬.	বিআরটিএ কর্তৃক বিআরটিএ কর্মকর্তা/কর্মচারীদের সন্তান/সন্ততিদের জন্য জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আত্মজীবনী ও কীর্তি বিষয়ক রচনা প্রতিযোগীতার আয়োজন।	সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ কর্তৃক নির্ধারিত ৩০.০৯.২০২০খ্রিঃ বিআরটিএ সম্মেলন কক্ষ।	রচনা প্রতিযোগীতায় বিআরটিএ'র কর্মকর্তা/কর্মচারীদের সন্তান/সন্ততি অংশগ্রহন করবে। আগ্রহীদের ০৩(তিন)টি ভিন্ন ক্যাটাগরির জন্য গ্রুপ ভিত্তিক বাছাই করে ০৫(পাঁচ) জন করে মোট ১৫(পনের) জনের নামের তালিকা ৩০.০৯.২০২০খ্রিঃ তারিখের পূর্বেই প্রেরণ করতে হবে।	পরিচালক(প্রশাসন), পরিচালক(ইঞ্জিনিয়ারিং), উপপরিচলক(প্রশাসন), উপপরিচলক(ইঞ্জিনিয়ারিং), বিভাগীয় অফিস, ঢাকা, সহকারী পরিচালক(প্রশাসন)।
০৭.	জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে বিআরটিএ দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে সড়ক নিরাপত্তা বিষয়ে অবহিত করণ।	১৭.০১.২০২০খ্রিঃ হতে বছরব্যাপী সারাদেশে।	জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে বিআরটিএ কর্তৃক ০৪(চার) লক্ষ লিফলেট বিতরণ এবং প্রতি জেলায় ০১(এক)টি করে প্রাথমিক বিদ্যালয়, মাধ্যমিক বিদ্যালয়, মদ্রাসা এবং কলেজ পর্যায়ে বিআরটিএ কর্তৃক সড়ক নিরাপত্তা বিষয়ে অবহিত করণ কর্মসূচী পরিচালনা করবে। লিফলেটের খসড়া তৈরী করে আগামী ৩১.১২.২০১৯খ্রিঃ তারিখের মধ্যে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ হতে অনুমতি গ্রহণ করতে হবে।	পরিচালক(রোড সেফটি), পরিচালক(প্রশিক্ষণ)।
০৮.	বিআরটিএ কর্তৃক আগামী ১৭ই মার্চ,২০২০খ্রিঃ হতে পরবর্তী ০১(এক) বছর "নিপিড়িত মানবের মুক্তির মহানায়ক শেখ মুজিবুর রহমান" এবং "বাংলাদেশকে জানতে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে জানো, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে জানতে বাংলাদেশ-কে জানো" শ্লোগানের বহুল প্রচার।	১৭.০৩.২০২০খ্রিঃ হতে পরবর্তী ০১(এক) বছর।	ক) বিআরটিএ কর্তৃক সদর কার্যালয়ের মাধ্যমে বাংলাদেশের সকল সার্কেল অফিসে যানবাহনের ফিটনেস দেয়ার সময় যানবাহনে "নিপিড়িত মানবের মুক্তির মহানায়ক শেখ মুজিবুর রহমান" এবং "বাংলাদেশকে জানতে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে জানো, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে জানতে বাংলাদেশ-কে জানো" শ্লোগান সংবলিত স্টিকার লাগাতে হবে। স্টিকারের নমুনা তৈরী করে আগামী ১০.০১.২০২০খ্রিঃ তারিখের মধ্যে বা তার পূর্বে যৌক্তিক সময়ে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের অনুমতি গ্রহণ করতে হবে এবং ২০.০২.২০২০খ্রিঃ তারিখের মধ্যে স্টিকার তৈরী সম্পন্ন করতে হবে। এলক্ষ্যে ১০(দশ) লক্ষ স্টিকার তৈরীর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। খ) বিআরটিএ সদর কার্যালয়ে নির্ধারিত শ্লোগান সম্বলিত বড় বেলুন বছরব্যাপী উড়িয়ে রাখতে হবে।	পরিচালক(ইঞ্জিনিয়ারিং), পরিচালক(রোড সেফটি)।